# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.০২.১৬৬.২৩/ ২৪৫ তারিখঃ ২০/০৯/২০২৩খ্রি.।

প্রাপকঃ
-----------------------------------------------
-----------------------------------------------
সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিষয়ঃ "সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির" সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৯/২০২৩খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সমাজকল্যাণ বিভাগের সম্মেলন কক্ষে বর্ণিত কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ-

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।
৩। CHDF কার্যক্রম প্রসঙ্গে।

(ইফতেখার আলম খোকন)
সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.০২.১৬৬.২৩/২৪৫(১).৩ তারিখঃ ২০/০৯/২০২৩খ্রি.।

অনুলিপি (সদয় অবগতির জন্য):-
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি ও টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের অবগতির জন্য)।

(ইফতেখার আলম খোকন)
সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
**www.ncc.gov.bd**

## সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির ৩য় সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ইফতেখার আলম খোকন<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১০<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২৬/০৯/২০২৩খি.। |
| সভার সময় | : | বিকাল ৩.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : | সমাজকল্যাণ বিভাগের সম্মেলন কক্ষ (৯ম তলা)। |

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব ইফতেখার আলম খোকনে'র সবাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্যসূচী অনুসারে আলোচনা শুরু করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১:** গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

**আলোচনা:** গত সভার কার্যবিবরনী পাঠ করেন জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সিদ্ধান্ত:** কার্যবিবরনীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচী-২:** মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।

**আলোচনা:** জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা মা ও শিশু সহায়তা কার্যক্রম বিষয়ে সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার মে/২০২৩ মাস হতে মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ইতোপূর্বে সকল ওয়ার্ড সচিবগণের সাথে ১টি সভা করা হয়েছে। এই কার্যক্রমের আওতায় মে-জুন/২০২৩ মাসে ২৭টি ওয়ার্ড হতে ২৬১ জন দরিদ্র গর্ভবতি মায়ের নামের তালিকা এবং জুলাই ও অগাস্ট/২০২৩ মাসে ২৭০জন, মোট- ৫৩১জন গর্ভবতি মায়ের নামের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। এই মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম এখন থেকে প্রতি মাসেই চলমান থাকবে। এই কার্যক্রমের মাধ্যমে সিটি কর্পোরেশন এলাকা হতে প্রতি মাসে ১৩৫ জন করে উপকারভোগী মা এই সুবিধাটি গ্রহণ করতে পারবে।

**সিদ্ধান্ত:** মা ও শিশু সহায়তা কার্যক্রমটি সুষ্ঠ ও সুন্দরভাবে দরিদ্র গর্ভবতি মা'দের নিকট পৌছে দেয়ার লক্ষ্যে সকল ওয়ার্ড সচিবগণের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>আলোচ্যসূচী-৩:</u>** CHDF কার্যক্রম প্রসঙ্গে।

**<u>আলোচনা:</u>** CHDF কার্যক্রম প্রসঙ্গে জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন UNDP এর অর্থায়নে কমিউনিটি হাউজিং ডেভলপমেন্ট ফ্যান্ড এর কার্যক্রম পরিচালনার প্রস্তুতি গ্রহণ করছে। এর আওতায় দরিদ্র জনগোষ্টির নাগরিকগণ সহজ শর্তে ঋণ সুবিধা পাবে। ইতোমধ্যে এ কার্যক্রমের আওতায় ৪০জন আগ্রহী ব্যক্তি এর জন্য আবেদন করেছে। তিনি আরো বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার স্থায়ী নাগরিক প্রয়োজনীয় কাগজপত্রসহ এই ঋণের জন্য আবেদন করতে পারবে। বিষয়টি সদয় অবগতির জন্য তিনি সভায় প্রস্তাবটি উপস্থাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

# সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির ১ম সভার হাজিরা।

সভার স্থান : সমাজকল্যাণ বিভাগের সম্মেলন কক্ষ (৯ম তলা)

সভার তারিখ : ২৬/০৯/২০২৩খ্রি.।

সভা নং : ৩য় সভা।

## সভায় উপস্থিতির তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে দায়িত্ব | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ডা. সেলিনা হায়াৎ আইভী<br>মেয়র<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ০২ | জনাব ইফতেখার আলম খোকন<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১০<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সভাপতি | [signature] |
| ০৩ | জনাব শারমিন হাবিব বিন্নি<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,১৪,১৫<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | [signature] ২৬/০৯/২০২৩ |
| ০৪ | জনাব গোলাম মুহাম্মদ সাদরিল<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-৫<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ০৫ | জনাব মোখলেছুর রহমান চৌধুরী<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | [signature] ২৬/০৯/২০২৩ |
| ০৬ | জনাব কে.এম.ফরিদুল মিরাজ<br>প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | [signature] ২৬/৯/২০২৩ |